

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ মীলাদুন্নবী (ﷺ) উদযাপন রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪৫. আরো কয়েকটি জাল হাদীস

মীলাদ পালনের পক্ষে জালিয়াতদের বানানো আরো দুটি হাদীস:

عن ابن عباس رضي الله عنهما أنه كان يحدث ذات يوم في بيته وقائع ولادته عَلَيْ إذ جاء النبي عَلَيْ وقال: حلّت لكم شفاعتى

"ইবন আববাস বলেন, একদিন তিনি নিজ বাড়িতে রাসূলুল্লাহ ্ঞা ্র এর জন্মের ঘটনাবলি বর্ণনা করছিলেন। তখন রাসূলুল্লাহ ্ঞা আগমন করেন এবং বলেন: তোমাদের জন্য আমার শাফাআত পাওনা হলো।" (জালিয়াত লক্ষ্য করে নি যে, ইবন আববাসের বয়স ৮ বৎসর পূর্ণ হওয়ার আগেই রাসূলুল্লাহ ৄা এর ইন্তেকাল হয়। তিনি কি ৫/৬ বৎসর বয়সে ছেলেমেয়েদের হাদীস শুনাচ্ছিলেন!)

عن أبي الدرداء رضي الله عنه قال: مررت مع النبي إلى إلى بيت عامر الأنصاري يعلم وقائع ولادته لأبنائه . وعشيرته ويقول: هذا اليوم، فقال النبي النبي الله فتح عليكم أبواب الرحمة وملائكته يستغفرون لكم

আবৃ দারদা (রা) বলেন, "আমি রাস্লুল্লাহ ্ঞা ্র_এর সাথে আমির আনসারীর (রা) বাড়ির পার্শ্ব দিয়ে যাচ্ছিলাম। তিনি তাঁর সন্তান ও পরিবারের মানুষদের তাঁর জন্মের ঘটনাবলি শেখাচ্ছিলেন এবং বলছিলেন: আজই সেই দিন। তখন রাস্লুল্লাহ ্রাই বলেন: নিশ্চয় আল্লাহ তোমাদের জন্য রহমতের দরজাগুলো খুলে দিয়েছেন এবং ফিরিশতাগণ তোমাদের জন্য ক্ষমা চাচ্ছে।"

বর্তমানে মীলাদের পক্ষের কোনো কোনো আলিম জালালুদ্দীন সুয়ূতী (৯১১ হি), আব্দুল হক্ক ইলাহাবাদী ও অন্যান্য আলিমের নামে এ সকল হাদীস উদ্ধৃত করছেন। এগুলোর কোনোরূপ সনদ কেউ উল্লেখ করেননি। এমনকি ইসলামের প্রথম ৫০০ বৎসরে সংকলিত কোনো গ্রন্থে এগুলো সনদসহ বা সনদ ছাড়া সংকলিত হয়েছে বলেও কেউ প্রমাণ বা দাবি করেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4839

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন